

রেজিস্টার্ড নং ডি এ-১

“জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ২২, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ০৮ ডিসেম্বর ২০২১ খ্রিঃ

নং ৪৬.০০.০০০০.০৬৪.৩২.০৭৯.১৫-২৪৬৭—যেহেতু, আপনি জনাব মোঃ আব্বাস আলী, পিতা-মৃত আশরাফ আলী, সাং-কাটাখালী (বাখরাবাজ), থানা-কাটাখালী, রাজশাহী, রাজশাহী জেলাধীন কাটাখালী পৌরসভার মেয়র; এবং

যেহেতু, বোয়ালিয়া মডেল থানায় ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ২১(২)/২৫(১)(ক)/২৮(২)/৩১(২) ধারায় আপনার বিরুদ্ধে মামলা (মামলা নং-৬২) দায়ের করা হয় এবং উক্ত মামলায় আপনি একমাত্র আসামি;

যেহেতু, বঙ্গবন্ধুর মুর্যাল স্থাপন সংক্রান্তে আপনার বিতর্কিত অডিও সোশাল মিডিয়ায় ভাইরাল হওয়ায় বোয়ালিয়া মডেল থানা, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ আপনার বিরুদ্ধে দায়েরকৃত মামলায় আপনাকে শৃঙ্খলা বাহিনী কর্তৃক গ্রেফতার করা হয়েছে;

যেহেতু, গত ২৫-১১-২০২১ তারিখ আপনাকে কারণ দর্শানোর নোটিশ দেওয়া হয়েছে। কিন্তু অদ্যাবধি তার কোনো জবাব পাওয়া যায়নি;

যেহেতু, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সম্পর্কে কটুক্তি ও অশালীন বক্তব্য, দুর্নীতিসহ বিভিন্ন অভিযোগ এনে কাটাখালী পৌরসভার মেয়রের পদ থেকে আপনাকে অপসারণের লক্ষ্যে উক্ত পৌরসভার ১২ (বার) জন কাউন্সিলরগণ আপনার বিরুদ্ধে অনাস্থা প্রস্তাব আনয়ন করেছেন;

(২০২৩৩)

মূল্য : টাকা ৪.০০

যেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১ (১) ধারা অনুযায়ী, “যেক্ষেত্রে কোনো পৌরসভার মেয়র অথবা কোনো কাউন্সিলর অপসারণের কার্যক্রম আরম্ভ করা হইয়াছে অথবা তাহার বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হইয়াছে, সেই ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র অথবা কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থী অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হইলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে”;

যেহেতু, জনাব মোঃ আব্বাস আলী, মেয়র, কাটাখালী পৌরসভার বিরুদ্ধে বোয়ালিয়া মডেল থানায় ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ এর ২১(২)/২৫(১)(ক)/২৮(২)/৩১(২) ধারায় মামলা হয়েছে এবং আইন শৃঙ্খলা বাহিনী কর্তৃক হেফতার হওয়ায় কর্মস্থলে তিনি অনুপস্থিত থাকায় পৌরসভার কর্মকর্তা-কর্মচারী ও পৌরসভার সেবা গ্রহণকারী সাধারণ নাগরিক পৌর সেবা হতে বঞ্চিত হচ্ছে যা পৌরসভার স্বার্থের পরিপন্থী ও প্রশাসনিক দৃষ্টিকোণ থেকে সমীচীন নয় মর্মে প্রতীয়মান হয়েছে বিধায় পৌর মেয়র এর পদ থেকে সাময়িকভাবে বরখাস্ত করা যুক্তিযুক্ত;

সেহেতু, আপনি জনাব মোঃ আব্বাস আলী, মেয়র, কাটাখালী পৌরসভা, রাজশাহী-কে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১ উপ-ধারা (১) প্রদত্ত ক্ষমতাবলে নির্দেশক্রমে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

ফারজানা মান্নান

উপসচিব।